

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.২১৪.১৯/২৫২৫/০


তারিখ: ৩১/০৯/১৪২৬ বঙ্গাব্দ  
১৫/০৭/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন ডাঃ মোসলেম উদ্দিন খান ডিগ্রি কলেজে তিনজন শিক্ষকের এমপিও ছাড়করণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার জাজিরা উপজেলাধীন ডাঃ মোসলেম উদ্দিন খান ডিগ্রি কলেজে ২০০৬ সালের ডিগ্রি স্তরে ফলাফল বিপর্যয় ঘটে। এজন্য ডিগ্রি স্তরের (ক) মোঃ সিরাজুল ইসলাম, ইনডেক্স-৪০৮২৭২, সহকারী অধ্যাপক, দর্শন (খ) জনাব মোঃ শরিফুল ইসলাম, ইনডেক্স -৪৩৬৫৩২, প্রভাষক, অর্থনীতি (গ) জনাব তুষার কান্তি বিশ্বাস, ইনডেক্স-৪৩৫৬৭৩, প্রভাষক, ব্যবস্থাপনা এর এমপিও সেপ্টেম্বর/২০০৮ থেকে স্থগিত করা হয়। স্থগিত বেতন-ভাতা প্রাপ্তির জন্য ১৩/০১/২০১০খ্রি. তারিখে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ৮০৯/২০১০ দায়ের করা হয়। রিট পিটিশন নং-৮০৯/২০১০ এর দৌতরফা শুনানী অন্তে ডিগ্রি. স্তরের শিক্ষক-কর্মচারীদের বকেয়া বেতন-ভাতাসহ ছাড়করণের আদেশ প্রদান করা হয়। মাউশি অধিদপ্তর মহামান্য হাইকোর্টের আদেশের বিরুদ্ধে আপিল মামলা নং-২৮৫২/২০১৮ দায়ের করেন। মহামান্য সুপ্রিম কোর্ট আপিল মামলার রায়ে রিট পিটিশন নং- ৮০৯/২০১০ এর আদেশ বহাল রাখেন। ফলে বর্ণিত ৩ জন শিক্ষকের বকেয়াসহ স্থগিত বেতন ভাতা চালু করার জন্য অধ্যক্ষ আবেদন করেন।

অধ্যক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের(স্কুল, কলেজ ও মাদ্রাসা) শিক্ষক-কর্মচারীগণের মে-২০১৯ মাসের বেতন ভাতাদির সরকারি অংশ(এমপিও) প্রদানের বিষয় অনুমোদন সংক্রান্ত কমিটির সভায় কলেজের (ক) মোঃ সিরাজুল ইসলাম, ইনডেক্স-৪০৮২৭২, সহকারী অধ্যাপক, দর্শন (খ) জনাব মোঃ শরিফুল ইসলাম, ইনডেক্স নং-৪৩৬৫৩২, প্রভাষক(অর্থনীতি) (গ) জনাব তুষার কান্তি বিশ্বাস, ইনডেক্স নং-৪৩৫৬৭৩, প্রভাষক (ব্যবস্থাপনা) এর যাচাই বাছাই সাপেক্ষে এমপিও ছাড়করণের সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, বর্ণিত তিনজন শিক্ষকের নিয়োগ সংক্রান্ত কাগজপত্র, এমপিওভুক্ত সংক্রান্ত কাগজপত্র এবং বর্তমানে কর্মরত থাকার প্রত্যয়ন পত্র প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২৫.০৭.১৯

(ফারহানা আক্তার)  
সহকারী পরিচালক (ক-৩)  
ফোন নং ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

ডাঃ মোসলেম উদ্দিন খান কলেজ, জাজিরা, শরীয়তপুর।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। সভাপতি, পরিচালনা পরিষদ, ডাঃ মোসলেম উদ্দিন খান কলেজ, জাজিরা, শরীয়তপুর।
- ০২। জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
- ০৩। জনাব. ....।
- ০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জাজিরা, শরীয়তপুর।
- ০৫। সংরক্ষণ নথি।